

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৯৯

আগরতলা, ১৩ আগস্ট, ২০২৪

**হর ঘর তিরঙ্গা অভিযান : এলবার্ট এক্সা পার্কে মুখ্যমন্ত্রীর শ্রদ্ধা জ্ঞাপন**

**দেশের সার্বভৌমত্বকে সবাই মিলে রক্ষা করতে হবে : মুখ্যমন্ত্রী**

দেশের আগামী প্রজন্মের মধ্যে দেশাঅবোধের চেতনাকে বাড়িয়ে তুলতে ও শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে হর ঘর তিরঙ্গা অভিযান কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০২২ সালে দেশব্যাপী হর ঘর তিরঙ্গা অভিযানের সূচনা করেছিলেন। দেশের সার্বভৌমত্বকে সবাই মিলে রক্ষা করতে হবে। আজ আগরতলার লিঁচুবাগানস্থিত এলবার্ট এক্সা পার্কে হর ঘর তিরঙ্গা অভিযানে বীর সৈনিক শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানের শুরুতেই মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এলবার্ট এক্সা স্মৃতি সৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক ডা. দিলীপ কুমার দাস, সমাজসেবী রাজীব ভট্টাচার্য্য, বিপিন দেববর্মা, মুকুল চন্দ্র রায় প্রমুখ।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, দেশ রক্ষায় যাঁরা নিজেদের জীবন উৎসর্গ করেছেন তাদের প্রতি সম্মান জানানোর লক্ষ্যেই এই কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগামী প্রজন্মকে এই বীর শহীদদের কথা সর্বদা স্মরণ করতে হবে। শহীদদের পথ অনুসরণ করতে হবে। এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী দেশ রক্ষায় শহীদ এলবার্ট এক্সার আঅবলিদানের কথা তুলে ধরেন। তিনি বলেন, আমাদের দেশের মূল লক্ষ্যই হচ্ছে ভাতৃত্ববোধ।

মুখ্যমন্ত্রী শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর প্রসঙ্গে ‘৭৫ সীমান্ত গ্রাম, ক্রান্তি বীরো কে নাম’ এবং ‘মেরা মাটি, মেরা দেশ’ কর্মসূচির কথাও উল্লেখ করেন। তিনি আরও বলেন রাজ্যের বর্তমান সরকার দেশপ্রেমের দৃষ্টিভঙ্গিকে পাথেয় করে মানুষের স্বার্থে স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, পরিকাঠামো, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে কাজ করছে। এই সরকার প্রতিনিয়ত বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে রাজ্যকে এগিয়ে নিয়ে যেতে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

\*\*\*\*\*